তারিখ: 09 MAR 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৬

সংবাদ

# কুবি উপাচার্যকে কার্যালয়ে প্রবেশে বাধা শিক্ষক সমিতির

কুবি প্রতিনিধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে অবৈধ নিয়োগ-বাণিজ্য সিন্ডিকেট ও আত্মীয়করণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ বেশ কয়েকটি দাবিতে উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। বুধবার দুপুরে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফকে তার কার্যালয়ে প্রবেশকালে বাধা দেয় শিক্ষক সমিতির নেতারা।

জানা যায়, গত ৩ মার্চ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডরমেটরিতে পরিকল্পিত হামলা ও ডাকাতি এবং ১৮ জানুয়ারি শিক্ষকদ্বয়ের বাসায় পরিকল্পিত হামলাকারীদের গ্রেফতার ও বিচারের আওতায় আনা, বিভিন্ন বিভাগের প্ল্যানিং কমিটিসমূহের সুপারিশ ছাড়াই অবৈধ নিয়োগ বিজ্ঞপ্তি ও অনিয়মতান্ত্রিক সব নিয়োগ বাতিল করাসহ শিক্ষক ডরমেটরিতে সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ ও ডেপুটিভাতা ভোগকারীদের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করাসহ মোট ৪ দফা দাবিতে মঙ্গলবার পর্যন্ত উপাচার্যকে সময়সীমা বেধে দেয় শিক্ষক শিক্ষক : পৃষ্ঠা : ২ ক : ৭

## শিক্ষক : সমিতির

(১৬ পৃষ্ঠার পর)

সমিতি। বেধে দেয়া সময়সীমার মধ্যে দাবিগুলোর বিষয়ে পদক্ষেপ জানতে শিক্ষক নেতারা মঙ্গলবার উপাচার্যের কার্যালয়ে তার সঙ্গে দেখা করতে যান। এ সময় উপাচার্য শিক্ষক নেতাদের তাচ্ছিল্য করেন এবং দেখে নেয়ার হুমকি দেন। উপাচার্যকে নিরাপত্তা বিঘ্নকারী আখ্যা দিয়ে ৭ মার্চ (মঙ্গলবার) থেকে তাকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করে শিক্ষক সমিতি। এরই ধারাবাহিকতায় বুধবার দুপুরে উপাচার্য তার কার্যালয়ে প্রবেশ করতে গেলে তাকে বাধা দেয় শিক্ষক সমিতির নেতারা। এ সময় উপাচার্যের সঙ্গে শিক্ষক নেতাদের বাকবিতণ্ডা হয়। পরে উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান নেন শিক্ষক সমিতির নেতারা।

কার্যালয়ের প্রবেশে বাধার বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফ বলেন, 'আমি তাদের যৌক্তিক দাবি এর আগে মেনে নিয়েছি। তারা অন্যায় দাবি করছে। তারা মানুক আর না মানুক আমি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য।'